# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 30 April, 2025

## প্লট বরাদ্দে দুর্নীতির মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিবারের সদস্যদের নামে থাকা জমি ও ফ্ল্যাট জব্দের আদেশ দিয়েছেন আদালত।দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে বুধবার (৩০ এপ্রিল) ঢাকার জ্যেষ্ঠ বিশেষ জজ মো. জাকির হোসেন এ আদেশ দেন।

দুদকের আবেদনের ভিত্তিতে জব্দ হওয়া সম্পত্তির মধ্যে রয়েছে– সায়মা ওয়াজেদের নামে ঢাকার বারিধারার একটি বাড়ি এবং গুলশানের একটি ফ্ল্যাট (যার দেখভালে একজন তত্ত্বাবধায়ক নিয়োগের নির্দেশও দিয়েছেন আদালত), খুলনায় শেখ রেহানা, সায়মা ওয়াজেদ ও সজীব ওয়াজেদের নামে থাকা প্রায় ৮৭ শতক জমি,একই পরিমাণ জমি আজমিনা সিদ্দিক ও তাঁর ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিকের নামে।

এর আগে গত ২৭ এপ্রিল সায়মা ওয়াজেদের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশ দেন আদালত।এরও আগে, ১০ এপ্রিল শেখ হাসিনা ও তাঁর মেয়ে সায়মার বিরুদ্ধে এবং ১৩ এপ্রিল শেখ রেহানা, তাঁর মেয়ে টিউলিপ সিদ্দিক, ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিকসহ মোট ২১ জনের বিরুদ্ধে পৃথক তিনটি দুর্নীতি মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়।

দুদকের তথ্য অনুযায়ী, এই তিন মামলার মধ্যে শেখ হাসিনা, শেখ রেহানা, টিউলিপ সিদ্দিক, আজমিনা সিদ্দিক, রাদওয়ান মুজিব সিদ্দিক এবং সাবেক গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদসহ মোট ১৬ জন আসামি চার্জশিটভুক্ত।

দুদকের অনুসন্ধানে উঠে আসে, পূর্বাচল নতুন শহর প্রকল্পে প্লট বরাদ্দে নানা অনিয়মের অভিযোগ রয়েছে।গত বছরের ২৬ ডিসেম্বর এই বিষয়ে শেখ হাসিনাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে তদন্ত শুরু করে দুদক এবং পরে ছয়টি মামলা দায়ের করে।

শেখ হাসিনা প্রধানমন্ত্রী আদালত প্লট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/national/7758071662